

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 14/12/2025

Time: 7-35 AM

DEO: KB

Desk in Charge:- S.D.G.

Compiling:- Priya B.

NRT: Priya B.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজারের বেশি ভোটারকে শুনানিতে ডাকা হবে বলে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন। #কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে SIR-এর শুনানি করার দাবি জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

২) যুবভারতীতে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশৃঙ্খলার ঘটনার বিচার বিভাগীয় তদন্তের আবেদন জানিয়ে বিরোধী দলনেতার চিঠি রাজ্যপালকে। #ঘটনায় ক্ষমাপ্রার্থী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

#রাজ্য সরকার গঠিত তদন্ত কমিটি ইতোমধ্যেই বৈঠক করেছে।

৩) যুবভারতী ক্রীড়াঙ্গনে গিয়েও ঢুকতে না পারায় ক্ষুব্ধ রাজ্যপাল। পরিকল্পনা ও আগাম প্রস্তুতির অভাবেই যুবভারতীতে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায় বলে অভিযোগ করেছেন তিনি।

৪) রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু আজ সকাল ৬টা থেকে আরও এক দফায় বন্ধ রয়েছে। #রক্ষণাবেক্ষণের জন্য দক্ষিণ কলকাতার তারাতলা উড়ালপুলে মঙ্গলবার রাত ১২টা পর্যন্ত বন্ধ রয়েছে যান চলাচল।

রাজ্যে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR এর মাধ্যমে ৩১ লক্ষ ৩৮ হাজার ৩৭৪ জন ভোটারকে শুনানিতে ডাকা হবে। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী গতকাল আকাশবাণীকে একথা জানিয়ে বলেন, গত ২০০২ এর তালিকার সঙ্গে এই ভোটারদের ম্যাপিং হয়নি। বাবা-মা-সঙ্গে ভোটদাতার বয়সের পার্থক্য ১৫ বছরের কম অথবা ৫০ বছরের বেশি হলে বিশেষ গুরুত্ব দিয়ে সেগুলি যাচাই করা হচ্ছে।

(বাইট- অরিন্দম নিয়োগী)

এদিকে, কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর এর শুনানি করার দাবি জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্য সরকার এবং পুলিশ নিরাপত্তার ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। সম্পূর্ণ প্রক্রিয়ার লাইভ স্ট্রিমিং এরও প্রয়োজন রয়েছে বলে তিনি মত প্রকাশ করেন।

(বাইট -শমীক এস আই আর)

যুবভারতী ক্রীড়াঙ্গনে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানকে কেন্দ্র করে বিশৃংখলার ঘটনায় উত্তাল রাজ্য রাজনীতি। ঘটনার বিচার বিভাগীয় তদন্তের আবেদন জানিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোসকে চিঠি দিয়েছেন। হুগলীর বলাগড়ে গতকাল দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী অধিকারী জানান, হাইকোর্টের বিচারপতির নেতৃত্বে তদন্ত কমিটি গঠনের পাশাপাশি, টিকিটের দাম ফেরানো, অরূপ বিশ্বাস এবং সুজিত বসুকে মন্ত্রীসভা থেকে বরখাস্ত ও আইনি পদক্ষেপ গ্রহণের দাবিও তিনি জানিয়েছেন ওই চিঠিতে।

(বাইট - শুভেন্দু/ মেসি)

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, বাংলার ফুটবলের ইতিহাসে এটি কলঙ্কময় দিন। তদন্ত কমিটিতে মুখ্য সচিব থাকায় অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে তিনি ব্যবস্থা নেবেন কিনা সে বিষয়ে সন্দেহের অবকাশ রয়েছে বলে মন্তব্য করেন সুকান্তবাবু।

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, টিকিটের কালোবাজারি, অতিরিক্ত অর্থ আদায়, ভাঙচুর, অগ্নিসংযোগ, পুলিশের লাঠিচার্জ এবং বহু দর্শকের আহত হওয়ার ঘটনায় রাজ্যের প্রশাসনিক ব্যর্থতা ফের প্রকাশ্যে এসেছে।

যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসিকে নিয়ে সৃষ্ট পরিস্থিতি অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং কলকাতার লজ্জা বলে সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন। এই ঘটনার জন্য তিনি সরকারের কর্তা ব্যক্তিদের দায়ী করেন।

(বাইট-সুজন)

ঘটনার নিন্দা করে বাম ছাত্র সংগঠন এসএফআই এর রাজ্য সম্পাদক দেবাজ্ঞান দে অবিলম্বে টিকিটের টাকা ফেরত ও ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাসের গ্রেপ্তারের দাবি জানিয়েছেন। কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, যুবভারতীর ঘটনায় কলকাতার ভাবমূর্তি নষ্ট হয়েছে।

(বাইট-অধীর)

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সামাজিক মাধ্যমে এক পোস্টে এই ঘটনাকে ‘দুর্ভাগ্যজনক’ আখ্যা দিয়ে লিওনেল মেসি এবং সব ফুটবলপ্রেমীর কাছে ক্ষমা চেয়েছেন।

যুবভারতী ক্রীড়াঙ্গনে আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির অনুষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনায় রাজ্য সরকার গঠিত তদন্ত কমিটি গতকালই বৈঠকে বসে। অবসরপ্রাপ্ত বিচারপতি অসীম কুমার রায়ের কালীঘাটের বাড়িতে এই বৈঠক হয়। তিনিই এই তদন্ত কমিটির সভাপতিত্ব করছেন। উপস্থিত ছিলেন মুখ্যসচিব

মনোজ পন্থ। তিনি জানান, যাবতীয় রিপোর্ট খতিয়ে দেখা হচ্ছে। ভবিষ্যতে এধরনের ঘটনা এড়াতে কী কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন, তার রূপরেখা তৈরি হবে। আজ দুপুরে তদন্ত কমিটি ঘটনাস্থল পরিদর্শন করবে বলে তিনি জানান।

পরিকল্পনা ও আগাম প্রস্তুতির অভাবেই যুবভারতীতে পরিস্থিতি নিয়ন্ত্রনের বাইরে চলে যায় বলে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস অভিযোগ করেছেন। গতকাল দুপুরে অনুষ্ঠানের আয়োজক এবং রাজ্য সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছিলেন রাজ্যপাল। এরপর সন্ধ্যাতে পরিস্থিতি খতিয়ে দেখতে যুবভারতীতে যান তিনি। কিন্তু গেট বন্ধ থাকায় ভেতরে ঢুকতে পারেননি তিনি। এমনকি তিনি সেখানে পৌঁছতেই আলো নিভিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। কিছুক্ষণ অপেক্ষা করে সেখানে থেকে ফিরে যান ডক্টর বোস। সাংবাদিকদের তিনি বলেন, এভাবে সত্য আড়াল করা যাবে না। আজ তিনি ফের সেখানে যাবেন বলে রাজ্যপাল জানান।

(বাইট-রাজ্যপাল)

আগেই জানানো হয়েছে, যুবভারতীতে ক্রীড়াঙ্গনে বিশৃঙ্খলারজন্য মূল উদ্যোক্তা শতদ্রু দত্তকে কলকাতা বিমানবন্দর থেকে আটক এবং জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করে কলকাতা পুলিশ। আজ তাকে বিধাননগর আদালতে তোলা হবে। এই ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা রুজু করেছে বিধাননগর থানার পুলিশ।

পুলিশের মহানির্দেশক রাজীব কুমার এক সাংবাদিক সম্মেলনে বলেন, উদ্যোক্তাদের টাকা ফেরত দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, আর্জেন্টিনার ফুটবল তারকা লিওনেল মেসির কলকাতা সফরকে কেন্দ্র করে গতকাল রনক্ষেত্র হয়ে উঠে কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গন। চড়া মূল্যে অগ্রিম টিকিট কেটেও মেসিকে দেখতে না পেয়ে ক্ষোভে ফেটে পড়েন দর্শকরা। গ্যালারি থেকে ছোঁড়া হয় জলের বোতল, ভেঙে ফেলা হয় স্ট্যান্ডের বাকেট চেয়ার।

আকাশবাণীর কলকাতার বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় আগামীকাল থেকে ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একইসঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পৌঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

জরুরী রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্যে কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী বিদ্যাসাগর সেতু আজ আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রয়েছে। সকাল ৬টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোনো যান চলাচল করছে না। এই সময় সব গাড়ি বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হচ্ছে বলে কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে।

এদিকে, ভারবহন ক্ষমতা সহ অন্যান্য পরীক্ষা নিরীক্ষার জন্যে দক্ষিণ কলকাতার তারাতলা উড়ালপুল বন্ধ রয়েছে। মঙ্গলবার রাত বারোটা পর্যন্ত এই উড়ালপুলের উপর দিয়ে কোন গাড়ি চলাচল করবে না বলে কলকাতা পুলিশ ও পূর্ত দপ্তরের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

জয়হিন্দ বিমানবন্দর থেকে শহীদ স্কুদিরাম স্টেশন পর্যন্ত সরাসরি মেট্রো পরিষেবা শুরু হচ্ছে আগামীকাল। সকাল ও রাতের ব্যস্ত সময়ে এই করিডরের নোয়াপাড়া হয়ে পরীক্ষামূলকভাবে দুটি ট্রেন চলাচল করবে বলে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে।

প্রথম ট্রেনটি সকাল ৯ টা ৩৬ মিনিটে ও দ্বিতীয় ট্রেনটি রাত ৯ টায় জয়হিন্দ বিমানবন্দর স্টেশন থেকে ছাড়বে। সোম থেকে শুক্রবার এই পরিষেবা পাওয়া যাবে।

কলকাতা প্রেস ক্লাবের সভাপতি হিসেবে পুনর্নির্বাচিত হয়েছেন স্নেহাশীষ সুর। সম্পাদক পদে দায়িত্ব নিয়েছেন কিংশুক প্রামানিক। গতকাল ক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে সাধারণ সদস্যদের ভোটাভুটিতে তারা নির্বাচিত হন।

অন্যদিকে যুগ্ম সহ-সভাপতি হিসেবে শৈবাল বিশ্বাস ও শুভদ্যুতি দত্ত নির্বাচিত হয়েছেন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় সহ সম্পাদক হয়েছেন নিতাই মালাকার। কোষাধ্যক্ষ পদে জয়ী হয়েছেন অরিজিৎ দত্ত। নয় সদস্যের এক্সিকিউটিভ কমিটির জন্য প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন ১৩ জন। তাদের মধ্যে অনিন্দিতা সিনহা, অংশু চক্রবর্তী, দেবশীষ সেনগুপ্ত, দেবযানী লাহা ঘোষ, পুলক মিত্র, সত্যব্রত ভট্টাচার্য, সুগত বন্দ্যোপাধ্যায়, সুমন গঙ্গোপাধ্যায় ও তাপস চক্রবর্তী জয়ী হয়েছেন।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে শাজাহান শেখের বিরুদ্ধে মামলার প্রধান সাক্ষী ভোলা ঘোষ-কে খুনের চেষ্টার অভিযোগে ধৃত উত্তম সর্দার এবং রুহুল কুদ্দুস তরফদারকে গতকাল বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে, ৯ দিনের পুলিশ হেফাজত হয়েছে। উত্তমকে দক্ষিণ ২৪ পরগণার পোলেরহাট এলাকা থেকে গ্রেপ্তার করে পুলিশ। ওই ব্যক্তি উত্তর ২৪ পরগণা জেলা পরিষদের সদস্য। রুহুলকে ধরা হয় সন্দেশখালির সরবেরিয়া এলাকা থেকে। ঘটনার দিন বাইকে করে ভোলাঘোষের গাড়িটিকে অনুসরণ করছিল সে। গাড়িটির অবস্থান অন্যদের জানাচ্ছিল বলে তদন্তে জানা গেছে।

বড়দিনের প্রাক্কালে লোকভবনে গতকাল খ্রিস্টমাসের বিশেষ অনুষ্ঠানের আয়োজনে করা হয়। অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্যপাল ডঃ সিভি আনন্দ জানান ক্রিসমাস ভালোবাসা ও ক্ষমতার প্রতীক। সমাজ সেবায় অনন্য অবদানের জন্য বিশিষ্ট ব্যক্তিদের সম্বর্ধনা জানান তিনি। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীরা সংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

বেতন বৃদ্ধি সহ একাধিক দাবিতে আন-এডেড মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের লাগাতার ধর্না আন্দোলন কর্মসূচিতে শর্ত সাপেক্ষে অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। সল্টলেকে ধর্নায় বসার জন্য পুলিশ অনুমতি না দেওয়ায় হাইকোর্টের দ্বারস্থ হয় ‘ওয়েস্ট বেঙ্গল আন-এডেড মাদ্রাসা ঐক্য মঞ্চ’। বিচারপতি শুভ্রা ঘোষ আগামী ১৭ ডিসেম্বর থেকে অনির্দিষ্টকালের জন্য এই কর্মসূচিতে অনুমতি দিয়েছেন। তবে, সল্টলেকে নয় এই কর্মসূচি করা যাবে কলেজ স্কোয়ারের বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিটের দিকে।

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন আবহাওয়া মূলতঃ শুষ্কই থাকবে। কিছু কিছু জায়গায় সকালের দিকে কুয়াশার সম্ভাবনা।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল- স্বাভাবিকের থেকে এক দশমিক দুই ডিগ্রি কম।
